

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৫০.২২-১০৪৫

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯

২৬ জুন ২০২২


বিষয়: রিট পিটিশন নং ৭৪৬২/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ
দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ৭৪৬২/২০২২-এর রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার দিনাজপুর পৌরসভার মেয়র সৈয়দ জাহাঙ্গীর আলম-এর বিরুদ্ধে ইজারাদার কর্তৃক সময়মত ইজারার টাকা পরিশোধ না করায় এবং আদায় করতে না পারায় পৌরসভার হাট-বাজার ইজারার টাকা অনাদায় থাকার পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ১৫/০৬/২০২২ তারিখের ৭৭৭নং স্মারকের প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে বরখাস্তকৃত মেয়র সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ৭৪৬২/২০২২ রুজু করেন। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে Rule and stay প্রদান করেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৪৬২/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



২৬-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৫০.২২-১০৪৫/১(৪)

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯

২৬ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৬-৬-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব